গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বারহাট্টা, নেত্রকোনা
www.barhatta.netrakona.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২০৯.০০০.৩৩.০০১.২৩- ৮২

তারিখ: ১৬ মাঘ ১৪২৯
৩০ জানুয়ারি ২০২৩

## বাংলা ১৪৩০ সনে হাট-বাজার/মহাল ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বারহাট্টা উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজার এবং বাজারের মহালসমূহ বাংলা ১৪৩০ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত বর্ণিত শর্তাবলীর ভিত্তিতে ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তিগণের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত পৃথক পৃথক খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা; পুলিশ সুপারের কার্যালয়, নেত্রকোণা; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বারহাট্টা, নেত্রকোণা; উপজেলা ভূমি অফিস, বারহাট্টা, নেত্রকোণা; সোনালী ব্যাংক লি., বারহাট্টা শাখা, নেত্রকোণা ও বারহাট্টা থানা হতে নির্ধারিত মূল্যে দরপত্র ফরম ক্রয় করা যাবে। দরপত্র ফরম নির্ধারিত তারিখ ও সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা; পুলিশ সুপারের কার্যালয়, নেত্রকোণা; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বারহাট্টা, নেত্রকোণা; উপজেলা ভূমি অফিস, বারহাট্টা, নেত্রকোণায় রক্ষিত দরপত্র বাক্সে জমা দেয়া যাবে এবং ঐ দিনই বিকাল ৩.০০ টায় দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে। ইজারা সম্পর্কিত বিস্তারিত তথ্যাদি ও শর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হইতে অফিস চলাকালীন জানা যাবে।

**ইজারাযোগ্য হাট-বাজার/ মহালের নাম, অবস্থান, সরকারি মূল্য, দরপত্র মূল্য, দরপত্র দাখিল ও দরপত্র খোলা সংক্রান্ত তথ্য ছক**

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | হাট-বাজার/ মহালের নাম | বিগত ০৩(তিন) বছরের ইজারা মল্যের গড়ের সাথে অতিরিক্ত ৬% বৃদ্ধি করে বাংলা ১৪৩০ সনের নির্ধারিত সরকারি মূল্য | সিডিউলের মূল্য | পর্যায়ক্রমে দরপত্র বিক্রয় ও দাখিলের তারিখ ও সময় | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ১ম পর্যায় | ২য় পর্যায় | ৩য় পর্যায় |
| | | | | | বিক্রয়ের তারিখ: ২২ ফেব্রুয়ারি ২০২৩ (০৯ ফাল্গুন ১৪২৯) (অফিস চলাকালীন) | বিক্রয়ের তারিখ: ০১ মার্চ ২০২৩ (১৬ ফাল্গুন ১৪২৯) (অফিস চলাকালীন) | বিক্রয়ের তারিখ: ১৫ মার্চ ২০২৩ (০১ চৈত্র ১৪২৯) (অফিস চলাকালীন) |
| | | | | | দাখিলের তারিখ: ২৩ ফেব্রুয়ারি ২০২৩ (১০ ফাল্গুন ১৪২৯) (বেলা ২.০০ টা পর্যন্ত) | দাখিলের তারিখ: ০২ মার্চ ২০২৩ (১৭ ফাল্গুন ১৪২৯) (বেলা ২.০০ টা পর্যন্ত) | দাখিলের তারিখ: ১৬ মার্চ ২০২৩ (০২ চৈত্র ১৪২৯) (বেলা ২.০০ টা পর্যন্ত) |
| ০১ | বাউসী | বাউসী রূপগঞ্জ বাজার গরুহাট্টা মহাল | ২০,৫৭,০০২/- | ৪,৮০০/- | ঐ | ঐ | ঐ |
| ০২ | বাউসী | বাউসী রূপগঞ্জ বাজার তোহা মহাল | ৮,৭৮,৪২২/- | ২,৪০০/- | ঐ | ঐ | ঐ |
| ০৩ | বাউসী | দেওপুর বাজার | ৮,১০৯/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ |
| ০৪ | সাহতা | মাছেহালা বাজার | ৩০,০০০/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ |
| ০৫ | বারহাট্টা | গোপালপুর গরুহাট্টা মহাল | ১৪,৬৩,৮৫৪/- | ৩,৬০০/- | ঐ | ঐ | ঐ |
| ০৬ | বারহাট্টা | গোপালপুর বাজার তোহা মহাল | ১০,০৯,১২০/- | ২,৮০০/- | ঐ | ঐ | ঐ |
| ০৭ | বারহাট্টা | বারহাট্টা আসমা বাজার | ৮,১৩,৫৫২/- | ২,৪০০/- | ঐ | ঐ | ঐ |
| ০৮ | বারহাট্টা | অতিথপুর বাজার | ৭৭,১৯৬/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ |
| ০৯ | আসমা | আসমা মনাষ বাজার | ৪৮,৮০২/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ |
| ১০ | সিংধা | চন্দ্রপুর বাজার | ১,৭১,২৯৬/- | ১,০০০/- | ঐ | ঐ | ঐ |
| ১১ | রায়পুর | ফকিরের বাজার | ১৭,৫৪,৩০০/- | ৪,২০০/- | ঐ | ঐ | ঐ |

**[বিশেষ দ্রষ্টব্যঃ ১ম পর্যায়ে কাঙ্খিত দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে, ২য় পর্যায়ে আহ্বানকৃত দরপত্র অকার্যকর হিসেবে গণ্য হবে। পরবর্তী পর্যায়ের ডাকসমূহের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হবে।]**

**১৪৩০ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী**

০১। বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হইতে ১৪৩০ সনের ৩০শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাটবাজার/মহাল ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বারহাট্টা, নেত্রকোণা এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে; ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহলে পুণরায় দরপত্র আহবান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাটবাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠা স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার/মহাল অন্যের নিকট সাব- লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত টাকা মাত্র) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করত হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ের হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

৩০।০১।২০২৩

(এস.এম. মাজহারুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
বারহাট্টা, নেত্রকোণা
ফোনঃ০২৯৯৬৬৫৫১৪৬
মোবাইলঃ০১৭০১৩০০৩৯৯
ই-মেইলঃ unobarhatta@yahoo.com

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২০৯.০০০.৩৩.০০১.২৩- ৮২

তারিখ: ১৬ মাঘ ১৪২৯ / ৩০ জানুয়ারি ২০২৩

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। জেলা প্রশাসক, নেত্রকোণা।

০২। পুলিশ সুপার, নেত্রকোণা।

০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বারহাট্টা, নেত্রকোণা।

০৪। উপজেলা................................................. কর্মকর্তা, বারহাট্টা, নেত্রকোণা।

০৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি./ বাংলাদেশ কৃষি ব্যাংক, বারহাট্টা শাখা, নেত্রকোণা।

০৬। চেয়ারম্যান, ................................................ইউনিয়ন পরিষদ, বারহাট্টা, নেত্রকোণা।

০৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ..................................... ইউনিয়ন ভূমি অফিস, বারহাট্টা, নেত্রকোণা। তাকে সংশ্লিষ্ট হাট-বাজারসমূহে হাটের দিন মাইকে/ ঢোল-সহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধ করা হলো।

০৮।সম্পাদক, ..........................................................................................................।দরপত্র বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় পরবর্তী সংখ্যায় ০১(এক) দিনের জন্য (৪"x১০") ছাপানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৯। জনাব...........................................................................ইজারাদার, ............................................................................ বারহাট্টা, নেত্রকোণা।

১০। নোটিশ বোর্ড/ অফিস কপি।

৩০।০১।২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
বারহাট্টা, নেত্রকোণা
ফোনঃ০২৯৯৬৬৫৫১৪৬
মোবাইলঃ০১৭০১৩০০৩৯৯
ই-মেইলঃunobarhatta@yahoo.com